


ঢাকা কমার্স কলেজ

আবারো শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি

ঢাকা কমার্স কলেজ  
দ্বিতীয়বারের মতো  
জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ  
শিক্ষা প্রতিষ্ঠানরূপে স্বীকৃতি  
পেয়েছে। ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত  
এ কলেজটি মাত্র সাত বছর বয়সে  
১৯৯৬ সালে শ্রেষ্ঠ শিক্ষা  
প্রতিষ্ঠানের সনদ লাভ করে।  
একইভাবে প্রতিষ্ঠান মাত্র একমুগ  
পার হতেই এ কলেজ ২০০২  
সালে দ্বিতীয়বারের জন্য শ্রেষ্ঠ  
শিক্ষা প্রতিষ্ঠানের গৌরব অর্জন  
করেছে। ঢাকা কমার্স কলেজ  
দেশের প্রথম রাষ্ট্রনীতি ও  
ধূমপানমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।  
মিরপুরের বেটানিক্যাল পার্কের  
কোল ঘেঁষে ছাদা সূনিবিড় শান্ত পরিবেশে  
অবস্থিত ঢাকা কমার্স কলেজ প্রকল্প। সম্পূর্ণ  
স্ব-অর্থায়নে এ কলেজের ১১তলা বিশিষ্ট ১নং



একাডেমিক ভবনের নির্মাণ সম্পন্ন হয়েছে।  
২০ তলাবিশিষ্ট ২নং একাডেমিক ভবনের  
১০তলা পর্যন্ত নির্মাণ সম্পন্ন হয়েছে। ১২

তলাবিশিষ্ট ১ম শিক্ষক ভবনে  
শিক্ষকগণ সুপরিবারে বসবাস  
করছেন। বোর্ড ও বিশ্ববিদ্যালয়  
পরীক্ষায় অভাবনীয় সাফল্য, নিরমিত  
ক্লাস কার্যক্রম, তিনমাস পর পর  
অনুষ্ঠিত পর্ব পরীক্ষায় শিক্ষার্থীদের  
বাধ্যতামূলক অংশগ্রহণ, পর্ব পরীক্ষার  
ফলাফলের ভিত্তিতে সেকশন  
পরিবর্তন, নির্ধারিত আসন বিন্যাস,  
শিক্ষার্থীদের প্রয়োজনমত শিক্ষা  
সম্পূর্ণ কার্যক্রমে সমৃদ্ধকরণ,  
বর্ণিত্য প্রকাশনা ভাণ্ডার, বার্ষিক  
শিক্ষক প্রশিক্ষণ এবং শিক্ষার্থীদের  
কলেজের নিয়ম-শৃঙ্খলার প্রতি  
আনুগত্য ইত্যাদি কারণে ইতোমধ্যে  
কলেজটি দেশের অন্যতম অনুকরণীয়  
মডেল শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত  
হয়েছে।

□ এসএম আলী আজম